



পটুয়াখালী ইয়ুথ ফোরাম তরুণদের নেতৃত্বে পরিচালিত একটি যুব সংগঠন। ২০১৬ সাল থেকে পটুয়াখালী জেলার বিভিন্ন উপজেলায় তরুণদের দক্ষতা বৃদ্ধি, সামাজিক মূল্যবোধ ও দায়বদ্ধতা সৃষ্টিতে এবং আত্মকর্মসংস্থানে আয়মুখী যুব সমাজ গঠনের লক্ষ্য কাজ শুরু করে।

একজন যুবকে জীবন দক্ষতা থেকে শুরু করে দেশপ্রেমিক, সততা ও নিষ্ঠাবান, দূর্নীতি বিরোধী মনোভাব এবং মানবিক বোধ সম্পন্ন সুনাগরিক হিসেবে গড়ে তোলাই পটুয়াখালী ইয়ুথ ফোরামের উদ্দেশ্য।

দীর্ঘ পাঁচ বছর তরুণদের নিয়ে ব্যাপক কর্মযজ্ঞের ফলাফল হিসেবে ২০১৯ সালের ৩১ অক্টোবর বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় যুব উন্নয়ন অধিদপ্তরের অধীনে প্রতিষ্ঠিত যুব সংগঠন হিসেবে নিবন্ধন প্রাপ্ত হয়। প্রশিক্ষিত যুব সমাজ, যুব ক্ষমতায়ন ও অংশগ্রহণ, আত্মকর্মসংস্থান, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা, দূর্যোগে জরুরি সাড়া দান, (উদ্ধার, অনুসন্ধান ও প্রাথমিক চিকিৎসা ও মানবিক সহায়তা) রক্তদান, পরিবেশ ও প্রকৃতি, নদী ও জলধারা এবং অংশীদারত্ব হলো মূল কর্মসূচি।

মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন ২০২১ এবং ২০৪১ এ উন্নত বাংলাদেশ, এসডিজি-৩০ এবং ডেল্টা প্লান-২১০০ বাস্তবায়নে পটুয়াখালী ইয়ুথ ফোরাম উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন, জেলা ও উপজেলা প্রশাসন, সরকারি দপ্তর ও সেবা ধর্মী প্রতিষ্ঠান এবং আর্ন্তজাতিক দাতা সংস্থার সাথে অংশীদারত্ব বা সরাসরি অর্থায়নে কাজ করে আসছে।

## করোনাকালে পটুয়াখালী ইয়ুথ ফোরাম



করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় সংসদ সদস্য কাজী কানিজ সুলতানা মহোদয় এর ব্যক্তিগত উদ্যোগে কর্মহীন মানুষের মাঝে খাদ্য সামগ্রী পৌঁছে দিয়েছে পটুয়াখালী ইয়ুথ ফোরাম।



করোনা ভাইরাসের প্রভাবে হোটেল ও রেস্টুরেন্ট বন্ধ থাকায় খাদ্য সংকটে থাকা পৌর এলাকার কুকুর ও পাখি-র জন্য পটুয়াখালী ইয়ুথ ফোরাম এর উদ্যোগে পৌর মেয়র মহিউদ্দিন আহমেদ এর সহযোগিতায় খাবার বিতরণ করা হয়।



করোনা ভাইরাসের কারণে কর্মহীন পটুয়াখালী পৌর এলাকার মধ্যবিত্ত পরিবারের জন্য হটলাইন হোমসার্ভিস খাদ্য সহায়তা কার্যক্রম: ফোন কল যাচাই বাছাই শেষে পৌরসভার মেয়র মহিউদ্দিন আহমেদের পক্ষ থেকে শুভেচ্ছা উপহার খাদ্য সামগ্রী বাসায় বাসায় পৌঁছে দিচ্ছে পটুয়াখালী ইয়ুথ ফোরাম।



পটুয়াখালী সদর উপজেলার প্রান্তিক জনগোষ্ঠীকে করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধ ও পরিস্থিতি সম্পর্কে সচেতন করতে হাট বাজার ও ঘন বসতি এলাকায় পটুয়াখালী ইয়ুথ ফোরামের পক্ষ থেকে মাইকিং করে প্রচারণা কার্যক্রম।



পটুয়াখালীর সন্তান এবং বর্তমানে আমেরিকান প্রবাসী মোঃ নাসির উদ্দিন আকন ভাইয়ার অনুদানে ও পটুয়াখালী ইয়ুথ ফোরামের সহযোগিতায় পৌরসভার ৮ নং ওয়ার্ডের কলাবাগানের নিম্ন আয়ের শতাধিক পরিবারের জন্য শুভেচ্ছা উপহার হিসেবে খাদ্য সামগ্রী বিতরণ।



মানুষের ঘরে এখন খাবার নেই। তাদের কাজই তো নেই। বাইরে যাওয়া মানা। ফলে শহর ও গ্রামের মানুষকে অভিজাতিক ফাউন্ডেশনের খাবার পৌঁছে দিচ্ছে পটুয়াখালী ইয়ুথ ফোরাম।



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে প্রাপ্ত ১০ লিটার হ্যান্ড স্যানিটাইজার পটুয়াখালী সিভিল সার্জন ডাঃ জাহাঙ্গীর আলম শিপন মহোদয় এর হাতে হস্তান্তর করেন পটুয়াখালী ইয়ুথ ফোরাম।



করোনা পরিস্থিতি ও ঘূর্ণিঝড় আন্স্পানের প্রভাবে ক্ষতি এবং নিম্ন ও মধ্য বিত্ত পরিবারের জন্য পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে পটুয়াখালী ইয়ুথ ফোরামের নিজস্ব উদ্যোগে ও বিশেষ ব্যক্তিদের সহযোগিতায় ঈদ উপহার হিসেবে খাদ্য সামগ্রী বিতরণ।



বেসরকারি উন্নয়ন সংস্থা পাশা'র অর্থায়নে ও পটুয়াখালী ইয়ুথ ফোরামের সহযোগিতায় পটুয়াখালীতে ঈদ উপলক্ষে শহরের আনাচে কানাচে ছড়িয়ে ছিটিয়ে থাকা মানসিক ভারসাম্যহীন ও ভবঘুরে মানুষের মাঝে উন্নত মানের খাবার পরিবেশন করা হয়েছে।



জনস্বার্থে কোভিড-১৯ পরিস্থিতি নিয়ন্ত্রণ ও মোকাবেলায় কাজ করতে গিয়ে পটুয়াখালী পৌর এলাকার করোনা আক্রান্ত পুলিশ কর্মকর্তা, জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তি, উন্নয়ন কর্মীর ও তাদের পরিবারের জন্য মেয়র মহিউদ্দিন আহমেদ এর পক্ষ থেকে আরোগ্য কামনায় শুভেচ্ছা উপহার সামগ্রী পৌছে দিয়েছে পটুয়াখালী ইয়ুথ ফোরাম।